# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

২৩৯. তলোয়ার, ছুরি কিংবা যে কোন ধারালো অস্ত্র একে অপরকে খোলাবস্থায় আদান-প্রদান করা

জাবির (রা.) থেকে বর্ণিত তিনি বলেন:

نَهَى رَسُوْلُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ يُتَعَاطَى السَّيْفُ مَسْلُوْلاً

“রাসূল (সা.) তলোয়ার খোলাবস্থায় আদান-প্রদান করতে নিষেধ করেছেন”।[1]

এমনকি কোন ধারালো অস্ত্র খোলাবস্থায় সঙ্গে নিয়ে চলাফেরা করাও শরীয়তে নিষিদ্ধ।

আবু মূসা (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: নবী (সা.) ইরশাদ করেন:

إِذَا مَرَّ أَحَدُكُمْ فِيْ مَسْجِدِنَا أَوْ فِيْ سُوْقِنَا وَمَعَهُ نَبْلٌ ، فَلْيُمْسِكْ عَلَى نِصَالِهَا بِكَفِّهِ أَنْ يُصِيْبَ أَحَداً مِنَ الْـمُسْلِمِيْنَ مِنْهَا بِشَيْءٍ

“যখন তোমাদের কেউ মসজিদে কিংবা বাজারে তীর নিয়ে চলাফেরা করে তখন সে যেন তীরের অগ্রভাগটুকু নিজ হাতের মুঠোয় ধরে রাখে। যাতে করে কোন মুসলমান তার তীরের আঘাতে আক্রান্ত না হয়”।[2]

>

## ফুটনোট

[1] (তিরমিযী, হাদীস ২১৬৩)

[2] (মুসলিম, হাদীস ২৬১৫)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11489

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন